



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৩

২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বাগেরহাট জেলার মোডেলগঞ্জ উপজেলাধীন বি. এস. এস. দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ অহিদুজ্জামান-কে স্বপদে
বহাল প্রসঙ্গে**

সূত্র: মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৩; তারিখ: ১৫ নভেম্বর ২০২৩

বাগেরহাট জেলার মোডেলগঞ্জ উপজেলাধীন বি. এস. এস. দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ অহিদুজ্জামানকে ২১/০৮/২০২৩ তারিখে ম্যানেজিং কমিটির সদস্যগণের সিদ্ধান্ত ছাড়াই সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে সুপারের সাময়িক বরখাস্ত বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত সুপারকে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মদ মঈনুদ্দিন প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছেন। প্রেরিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, জেলা পরিষদ থেকে প্রাপ্ত অনুদানের অর্থ আত্মসাতের যে অভিযোগে সুপারকে বেসরকারি মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা, ১৯৭৯ এর ১৪(১) ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) ধারা অনুসরণ ব্যতীতরূপে সাময়িক বরখাস্ত করা হয়েছে, সেই অনুদানপ্রাপ্ত অর্থ স্থানীয় রাজনৈতিক কৌশলের কারণে ব্যয় করতে না পেরে জেলা পরিষদ, বাগেরহাট এর মাধ্যমে এডিপি তহবিলে জমা দিয়েছেন মর্মে কাগজপত্র যাচাইঅন্তে প্রমাণিত হয়।

এমতাবস্থায়, সুপার জনাব মোঃ অহিদুজ্জামান এর অর্থ আত্মসাতের অভিযোগটি প্রমাণিত না হওয়ায় এবং সাময়িক বরখাস্ত প্রক্রিয়া বেসরকারি মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা, ১৯৭৯ এর ১৪(১) ও (২) ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক সঠিক না হওয়ায় পত্র জারির পর থেকে তিনি স্বপদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

০৭-১২-২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (০২-৫৮৬১৬৬৮১)
registrar@bmeb.gov.bd

সুপার, বি. এস. এস. দাখিল মাদ্রাসা, মোডেলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৩/১(৭)

২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট;
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;

- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৪। একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৫। ভারপ্রাপ্ত সুপার, বি. এস. এস. দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৬। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি।



A handwritten signature in black ink, appearing to be 'Mec2', written over a rectangular box.

০৭-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার